# চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম
## একাদশ শ্রেণির অর্ধ-বার্ষিক পরীক্ষা-২০২১
বিষয় ঃ পৌরনীতি ও সুশাসন ১ম পত্র

পূর্ণমান-৭০

**প্রত্যেক প্রশ্নের উত্তর দিতে হবে :**

১। একাদশ শ্রেণিতে অধ্যয়নরত রবিন-এর দাদা ছিলেন একজন জনপ্রতিনিধি। তার বাবাও বর্তমান জাতীয় সংসদের একজন সদস্য। তার ইচ্ছা রাজনীতি ও জনসেবার মাধ্যমে দেশ ও জাতির কল্যাণে আত্মনিয়োগ করা। তাই সুযোগ পেলেই সে তার বাবার সাথে নাগরিক অধিকার, রাষ্ট্র, সংবিধান ও সুশাসন বিষয়ে আলোচনা করে। ছেলের আগ্রহ দেখে এ বিষয়ে আরো জ্ঞান অর্জনের জন্য রবিনকে নাগরিকতা সংশ্লিষ্ট বিষয়টি পাঠ্য হিসেবে নেয়ার পরামর্শ দেন।

(ক) **পৌরনীতি সম্পর্কে ই এম হোয়াইট প্রদত্ত সংজ্ঞাটি লিখ?**

(খ) **পৌরনীতিকে নাগরিকতা বিষয়ক বিজ্ঞান বলা হয় কেন?**

(গ) **উদ্দীপকে ইঙ্গিতকৃত বিষয়টির বিষয়বস্তু ব্যাখ্যা কর।**

(ঘ) **রবিনের ইচ্ছার বাস্তবায়নে তার বাবার পরামর্শের যৌক্তিকতা বিশ্লেষণ কর।**

২। একাদশ শ্রেণিতে অধ্যয়নরত মারুফ তার পাঠ্যসূচীভুক্ত একটি বিষয় সম্পর্কে জেনেছে যে, বিষয়টিতে নাগরিকতার বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়। তার সহপাঠী নাবিলা জেনেছে তার বিষয়টি মানুষের অতীত কার্যকলাপের বর্ণনা ও বিশ্লেষণ করে, সেটির সংগে নাগরিকতা বিষয়ক বিজ্ঞানের সম্পর্ক গভীর।

(ক) **Civitas শব্দের অর্থ কী?**

(খ) **তুমি কিভাবে একজন স্থানীয় নাগরিক?**

(গ) **মারুফের পাঠ্যসূচীভুক্ত বিষয়টি কী বিষয়ক বিজ্ঞান-ব্যাখ্যা কর।**

(ঘ) **উদ্দীপকে বর্ণিত বিষয় দুটির নাম কী? এদের পারস্পরিক সম্পর্ক গভীর-বিশ্লেষণ কর।**

৩। আবদুর রহমান আফ্রিকার সামরিক বাহিনী শাসিত একটি অনুন্নত দেশের নাগরিক। তার দেশে রয়েছে দুর্নীতি, রাজনীতি অস্থিতিশীলতা, জাতিগত দাঙ্গা, অর্থনৈতিক বৈষম্য, দারিদ্র ইত্যাদি নানা সমস্যা। তবে বর্তমানে শিক্ষা বিস্তারের ফলে নাগরিকদের মধ্যে সচেতনতা বেড়েছে এবং রাজনৈতিক দলগুলো ও সুশীল সমাজ উক্ত সমস্যাগুলো সমাধানে খুবই আগ্রহী।

(ক) **সুশাসন কী?**

(খ) **সুশাসন কিভাবে আইনের শাসন নিশ্চিত করে?**

(গ) **উদ্দীপকে উল্লিখিত রাষ্ট্রটিতে সুশাসনের কোন কোন বৈশিষ্ট্যের অভাব রয়েছে?**

(ঘ) **আবদুর রহমানের রাষ্ট্রটিতে কীভাবে সুশাসন প্রতিষ্ঠা করা সম্ভব? বিশ্লেষণ কর।**

৪। উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও।

'ক' রাষ্ট্রের জনগণ জীবনধারণের জন্য প্রয়োজনীয় কর্মসংস্থান, ন্যায্য মজুরী প্রদান ও বেকারত্ব দূরীকরণ ইত্যাদি সুযোগ-সুবিধা লাভের অধিকার সংরক্ষণ করে। ফলে মানুষের ব্যক্তিত্ব বিকাশ ও জীবনে পূর্ণতা অর্জনের সুযোগ সৃষ্টি হয়েছে।

(ক) **আইন কী?**

(খ) **মূল্যবোধ বলতে কী বোঝায়?**

(গ) **'ক' রাষ্ট্রের জনগণ কোন ধরনের স্বাধীনতা উপভোগ করছে? ব্যাখ্যা কর।**

(ঘ) **উদ্দীপকে বর্ণিত স্বাধীনতা রাজনৈতিক স্বাধীনতাকে অর্থবহ করে-বিশ্লেষণ কর।**

৫। জাভেদ ও রহিমা একটি হোটেলে একই কাজ করে। কাজের দক্ষতাও সমান। মাস শেষে রহিমা জাভেদের চেয়ে দুইশত টাকা বেতন কম পায়। রহিমা এর কারণ জানতে চাইলে হোটেলে কর্তৃপক্ষ কোনো সদুত্তর দিতে পারেনি।

(ক) **সাম্য কী?**

(খ) **স্বাধীনতার দুটি রক্ষাকবচ বর্ণনা কর।**

(গ) **রহিমা কোন ধরনের সাম্য থেকে বঞ্চিত? ব্যাখ্যা কর।**

(ঘ) **"উক্ত সাম্য ব্যতীত অন্যান্য সাম্য অর্থহীন"-তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।**

৬। রাজু ও মিনু দুই ভাই বোন। তারা দুজনেই নির্বাচনে ভোট দেয়, নিজের পছন্দমত কাজ করে, বিভিন্ন ধর্মীয় ও সামাজিক নিয়মকানুন পালন করে। তারা একসাথে একই গার্মেন্টসে কাজ করে। তাদের কাজের ধরন একই। কিন্তু মিনু রাজুর চেয়ে কম মজুরী পায়।

(ক) **ICT এর পূর্ণরূপ কী?**

(খ) **সাইবার আক্রমণ বলতে কী বোঝায়?**

(গ) **উদ্দীপকে বর্ণিত অধিকার ছাড়াও নাগরিকের আর কি কি রাজনৈতিক অধিকার রয়েছে? ব্যাখ্যা কর।**

(ঘ) **মিনু কোন ধরনের অধিকার থেকে বঞ্চিত হয়েছে? এই অধিকার ভোগ করার উপায় ব্যাখ্যা কর।**

৭। বর্তমানে বাংলাদেশে ইন্টারনেট এবং কম্পিউটার প্রযুক্তি ব্যবহারের ফলে রাষ্ট্রের যাবতীয় কাজ অনলাইনে সম্পন্ন হচ্ছে। জনগণ ঘরে বসেই যে কোন সরকারী তথ্য ঘোষণা ও সেবা পেতে পারে। জনগণের অর্থ ও সময়ের অপচয় হচ্ছে না। প্রশাসনে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাচ্ছে। দেশে আইনের শাসন সুনিশ্চিত হয়।

(ক) **কর্তব্য কী?**

(খ) **মানবাধিকার বলতে কী বুঝায়?**

(গ) **উদ্দীপকে বর্ণিত বিষয়টিতে যে ব্যবস্থার চিত্র ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর।**


(ঘ) **উদ্দীপকে উল্লিখিত ব্যবস্থাটি সুশাসন প্রতিষ্ঠায় কতটুকু কার্যকরী? বিশ্লেষণ কর।**

# চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম
## একাদশ শ্রেণির অর্ধ-বার্ষিক পরীক্ষা-২০২১
বিষয় ঃ রসায়ন ১ম পত্র

পূর্ণমান-৫০

নিচের উদ্দীপকগুলি মনোযোগসহ পড় এবং প্রশ্নগুলির উত্তর দাও ঃ

১।




(ক) আইসোটোপ কি?

(খ) K এর 19 তম ইলেকট্রনটি 4S অরবিটালে যায় কেন?

(গ) উদ্দীপকের ২নং মডেলে ইলেকট্রন ধাপান্তরের ক্ষেত্রে শোষিত শক্তির পরিমাণ নির্ণয় কর।

(ঘ) উদ্দীপকের পরমাণু মডেল দুটির মধ্যে কোনটি অধিক গ্রহণযোগ্য যুক্তি দাও।

২। $A = [Ar]\ 3d54s1, B = [Ar]\ 3d^{o}4s^{2}$

(ক) পলির বর্জন নীতি কি?

(খ) আলফা কণা বিচ্ছুরণ পরীক্ষায় ZnS ব্যবহার করা হয় কেন?

(গ) β পরমাণুর সর্বশেষ ইলেকট্রন দুটির জন্য চারটি কোয়ান্টাম সংখ্যার মান নির্ণয় কর।

(ঘ) উদ্দীপকের A মৌলের ইলেকট্রন বিন্যাসের জন্য প্রয়োজনীয় নীতিসমূহের প্রযোজ্যতা বিশ্লেষণ কর।

৩।

| মৌল | সর্বশেষ স্তরের ইলেকট্রন বিন্যাস |
|---|---|
| X | $np^3$ |
| Y | $np^4$ |

$n = 2$

(ক) সিগমা বন্ধন কি?

(খ) 2d অরবিটাল সম্ভব নয় কেন?

(গ) Y এর হাইড্রাইড যৌগে কি ধরনের সংকরণ বিদ্যমান? ব্যাখ্যা কর।

(ঘ) X এর হাইড্রাইড এর আকৃতি Y এর হাইড্রাইডের আকৃতি অপেক্ষা ভিন্ন কি? যুক্তিসহ বিশ্লেষণ কর।

৪। একটি পরমাণুর সর্বশেষ ইলেকট্রনের জন্য চারটি কোয়ান্টাম সংখ্যার মান নিম্নরূপ।

$n = 2, l = 1, m = -1, s = -1/2$


(ক) দ্রাব্যতা কি?

(খ) পাই বন্ধন সিগমা বন্ধন অপেক্ষা দুর্বল কেন?

(গ) উদ্দীপকের পরমাণুটির ইলেকট্রন বিন্যাস লিখ।

(ঘ) উদ্দীপকের মৌলটির অক্সাইডের বন্ধন কোন স্বাভাবিকের চেয়ে ব্যতিক্রম-বিশ্লেষণ কর।

৫।




$Ag_2S$ এর দ্রাব্যতা গুণফল $1.6\times10^{-19}$

(ক) অরবিটাল কি?

(খ) তাপমাত্রা বৃদ্ধিতে $KNO_3$ এর দ্রাব্যতা হ্রাস পায় কেন?

(গ) A পাত্রে কত গ্রাম $AgNO_3$ আছে নির্ণয় কর।

(ঘ) A ও B এর মিশ্রণের ফলে $Ag_2S$ এর অধঃক্ষেপ পড়বে কি? যুক্তি দাও।

৬।জনাব সানজিদা ২০১৩ সালের ১ মার্চ তারিখে নগদ ১,০০,০০০ টাকা এবং স্ত্রীর গয়না বিক্রি করে ৫০,০০০ টাকা নিয়ে 'সানজিদা স্টোর' নামে একটি ক্ষুদ্র ব্যবসা শুরু করেন। নিচে মার্চ মাসের লেনদেনগুলো দেওয়া হলো-

| | | |
|---|---|---|
| মার্চ | ১ | ব্যক্তিগত ৫,০০০ টাকা দিয়ে পূবালী ব্যাংকে হিসাব খোলা হলো। |
| " | ৩ | পণ্য ক্রয় ৩৭,০০০ টাকা। |
| " | ৫ | জনাব আকাশের নিকট ৫০,০০০ টাকার পণ্য বিক্রয়, যার ৪০% নগদে এবং অবশিষ্ট ধারে পাওয়া গেল। |
| " | ৭ | যন্ত্রপাতির অবচয় ধার্য করা হলো ৩,০০০ টাকা। |
| " | ১০ | অনাদায়ী পাওনা আদায় হলো ৭,০০০ টাকা। |
| " | ১৫ | বিক্রেতার নিকট নমুনা বহির্ভূত পণ্য ফেরত দেওয়া হলো ৮,০০০ টাকা। |
| " | ১৮ | আন্ত্তফেরতের পরিমাণ ৩,০০০ টাকা। |
| " | ২০ | মালিক কর্তৃক পন্য উত্তোলন ১৫,০০০ টাকা। |
| " | ২৫ | মালিক কর্তৃক বিক্রয় মূলল্যে পণ্য উত্তোলন ১৫,০০০ টাকা। |
| " | ৩০ | বিনামূল্যে পণ্য বিতরণ ৫,০০০ টাকা। |
| " | ৩১ | সুনামের অবলোপন ৩,৫০০ টাকা ধার্য্য করা হলো। |

**ক) 'সানজিদা স্টোর' এর ২০১৩ সালের মার্চ মাসের অনগদ লেনদেন চিহ্নিত কর এবং পরিমাণ নির্ণয় কর।**

**খ) উপর্যুক্ত উপাত্ত হতে নিট ক্রয় ও নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় কর।**

**গ) উপর্যুক্ত লেনদেনগুলোর জাবেদা বই প্রস্তুত কর।**

৭। নিম্নলিখিত তথ্যের সাহায্যে রওশন ট্রেডার্সের ৩১ জুলাই ২০১০ তারিখে সংশোধিত পদ্ধতিতে ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর।

ক) নগদান বই অনুসারে ব্যাংক জমা ৭,২৬৩ টাকা।

খ) ব্যাংক কর্তক ধার্যকৃত চার্জ নগদান বইতে লেখা হয়নি ২৮ টাকা।

গ) ব্যাংক বিবরণী অনুসারে ব্যাংকে জমা ৭,২৮৪ টাকা।

ঘ) ব্যাংকে জমাকৃত চেক আদয় হয়নি ১,৫০০ টাকা।

ঙ) ব্যাংক রওশন ট্রেডার্সের পক্ষে ৯০০ টাকার একটি নোট এবং ৩৬ টাকা সুদ আদায় করে, এজন্য আদায় খরচ চার্জ করে ২০ টাকা যা নগদান বইতে লেখা হয় নি।

চ) চেক ইস্যু করা হয়েছে কিন্তু ব্যাংকে উপস্থাপন হয় নি।

**ক) বকেয়া চেকের পরিমাণ নির্ণয় কর।**

**খ) নগদান বইতে হিসাবভূক্ত হয় নি এমন লেনদেনের জাবেদা দেখাও।**

**গ) ব্যাংক সমন্বয় বিবরণী প্রস্তুত কর।**

# চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ, চট্টগ্রাম

## একাদশ শ্রেণির অর্ধ-বার্ষিক পরীক্ষা-২০২১

বিষয় ঃ হিসাববিজ্ঞান ১ম পত্র

পূর্ণমান-৭০

**সকল প্রশ্নের উত্তর দিতে হবে :**

## ক-বিভাগ

১।

**আবির ট্রেডার্স এর**

**রেওয়ামিল**

৩১ ডিসেম্বর, ২০১৬ তারিখের

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মূলধন | | ৪,০০,০০০ |
| উত্তোলন | ৫০,০০০ | |
| মজুদ পণ্য (১-১-২০১৬) | ৫৮,০০০ | |
| পণ্য ক্রয় ও পণ্য বিক্রয় | ২,০০,০০০ | ৩,৬০,০০০ |
| ফেরত | ৫,০০০ | ৯,০০০ |
| ১০% বিনিয়োগ (১-১০-১৬) | ১,৫০,০০০ | |
| মজুরি ২ | ২৫,০০০ | |
| বিমা সেলামি ৪ | ২,০০০ | |
| মনিহারি | ৪,৫০০ | |
| ভাড়া | ৫২,০০০ | |
| যন্ত্রপাতি | | ৭,০০০ |
| শিক্ষানবিশ সেলামি | | ৩,০০০ |
| অনাদায়ি ও সন্দেহজনক পাওনা সঞ্চিতি | | |
| দালানকোঠা | ১,১০,০০ | |
| আসবাবপত্র | ৫৮,০০০ | |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৪৮,০০০ | ৩৬,০০০ |
| বেতন | ২০,০০০ | |
| নগদ তহবিল | ৩১,৫০০ | |
| | **৮,১৫,০০০** | **৮,১৫,০০০** |

সমন্বয়সমূহ: (১) সমাপনী মজুদ পণ্যের বাজার মূল্য ৯০,০০০ টাকা এবং ক্রয়মূল্য ৮০,০০০ টাকা। (২) অনাদায়ি পাওনা অবলোপন করতে হবে ৪,০০০ টাকা। (৩) ১২,০০০ টাকার একটি যন্ত্রপাতি ১-৭-২০১৬ তারিখে ক্রয় ও সংস্থাপন করা হয়। উক্ত মেশিনের সংস্থাপন ব্যয় ৫,০০০ টাকা মজুরির অন্তর্ভূক্ত রয়েছে। (৪) মেশিনের ওপর ১০% অবচয় ধার্য কর। (৫) প্রারম্ভিক মজুদের মধ্যে ২,০০০ টাকার এবং সমাপনী মজুদের মধ্যে ১,০০০ টাকার মনিহারি অন্তর্ভূক্ত রয়েছে। বিনামূল্যে পণ্য বিতরণ ৪,০০০ টাকা। (৬) ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন ২,০০০ টাকা।

**ক) মেশিনের অবচয়ের পরিমাণ (গণনাসহ) নির্ণয় কর।**

**খ) বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর।**

**গ) চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ দেখাও।**

২। ডাল্টা সার্ভিস সেন্টার এর রেওয়ামিল

৩১ ডিসেম্বর, ২০১৬ তারিখের

| হিসাবরে নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ | ৭০,০০০ | |
| প্রাপ্য হিসাব | ৯০,০০০ | |
| উত্তোলন | ৮,০০০ | |
| অফিস সরঞ্জাম | ১,২০,০০০ | |
| প্রদেয় হিসাব | | ৪০,০০০ |
| অনুপার্জিত আয় | | ৭০,০০০ |
| বেতন খরচ | ২০,০০০ | |
| মূলধন | | ৮০,০০০ |
| ভাড়া খরচ | ২২,০০০ | |
| সেবা আয় | | ১,৩০,০০০ |
| উপযোগ খরচ | ৪,০০০ | |
| সুদ আয় | | ২০,০০০ |
| অফিস খরচ | ৬,০০০ | |
| | ৩,৪০,০০০ | ৩,৪০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি : (১) দুই মাসের বেতন বকেয়া রয়েছে। (২) অনুপার্জিত আয়ের ৪০,০০০ টাকা উপার্জিত হয়েছে। (৩) ভাড়া প্রতিমাসে ২,০০০ টাকা করে প্রদান করা হয। (৪) অফিস সরঞ্জামের ওপর ১০% অবচয় ধার্য কর।**

**ক) অপরিশোধিত বেতনের পরিমাণ নির্ণয় কর।**

**খ) ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের আয় বিবরণী তৈরি কর।**

**গ) ৩১ ডিসেম্বর, ২০১৬ তারিখের আর্থিক অবস্থার বিবরণীতে দায়ের পাশ দেখাও।**

## খ-বিভাগ

৩। মি. কামরান ২০১৬ সালের ১ জানুয়ারি নগদ ১,০০,০০০ টাকা এবং ৫০,০০০ টাকা মূল্যের কম্পিউটার নিয়ে আইনি ব্যবসায় আরম্ভ করেন। উক্ত মাসে তার ব্যবসায়ের অন্যান্য ঘটনাগুলো ছিল নিম্নরূপঃ

| | | |
|---|---|---|
| জানু | ২ | ১৫,০০০ টাকা মাসিক বেতনে একজন মানেজার নিয়োগ করলেন। |
| " | ৮ | ধারে আসবাবপত্র ক্রয় করা হলো ৩০,০০০ টাকা। |
| " | ১২ | মক্কেলদের নগদে আইনি সেবা দেওয়া হলো ২৫,০০০ টাকা। |
| " | ১৮ | মক্কেলদের ধারে আইনি সেবা দেওয়া হলো ৩০,০০০ টাকা। |
| " | ২০ | জনতা ব্যাংক লি হতে ব্যক্তিগত প্রয়োজনে ঋণ গ্রহণ করা হলো ৫০,০০০ টাকা। |
| " | ৩০ | চলতি মাসের ম্যানেজারের বেতন পরিশোধ করা হলো। |
| " | ৪৩০ | ধারে ক্রীত আসবাবপত্রের মুল্য পরিশোধ করা হলো ১০,০০০ টাকা। |
| " | ৪৩১ | জানুয়ারি মাসের অফিস ভাড়া পরিমোধ করা হলো ১২,০০০ টাকা। |

**ক) ব্যবসায়িক লেনদেন নয় এমন ঘটনাসমূহ চিহ্নিত করে মোট পরিমাণ নির্ণয় কর।**

**খ) ২০১৬ সালের জানুয়ারি মাসের শেষে মি. কামরানের স্বত্বাধিকারের পরিমাণ নির্ণয় কর।**

**গ) বিবরণী ছকে হিসাব সমীকরণের ওপর লেনদেনের প্রভাব দেখাও।**

৪। মেসার্স সালসাবিল ট্রেডার্সের ৩১ জানুয়ারি, ২০১৪ সালের হিসাব উদ্বৃত্তগুলোর নিম্নরূপঃ নগদ ৮০,০০০ টাকা, অফিস সরঞ্জাম ৩০,০০০ টাকা, ভূমি ও দালানকোটা ২,৫০,০০০ টাকা, দেনাদার ৪০,০০০ টাকা ও পাওনাদার ৪৫,০০০ টাকা। ফেব্রুয়ারী মাসে তার ব্যবসায়ের সম্পাদিত লেনদেনগুলো নিম্নরূপঃ

| | | |
|---|---|---|
| ফেব্রু | ৫ | ১০% প্রদেয় নোটে স্বীকৃতিদানের মাধ্যমে ব্যাংক থেকে ঋণগ্রহণ ৫০,০০০ টাকা। |
| " | ৮ | নগদ ৩০,০০০ টাকা ও ধারে ৯০,০০০ টাকার পণ্য ক্রয়। |
| " | ১০ | তিন মাসের শো রুম ভাড়া অগ্রিম প্রদান ১৫,০০০ টাকা। |
| " | ১২ | ইনস্যুরেন্স প্রিমিয়াম পরিশোধ ১,২০০ টাকা। |
| " | ১৬ | ৩% কারবারি বাট্টায় পণ্য বিক্রয় ১,২০,০০০ টাকা (নগদে ৬০%, ধারে ৪০%) |
| " | ১৮ | মালিক কর্তৃক নগদ উত্তোলন ৩০,০০০ টাকা। |
| " | ২৫ | একজন দেনাদারের নিকট তেকে ৩০,০০০ টাকা। |
| " | ২৮ | অগ্রিম প্রদত্ত ভাড়ার ১ মাস অতিক্রান্ড় হয়েছে। |

**ক) মোসার্স সালসাবিল ট্রেডার্সের প্রারম্ভিক জাবেদা দাখিলা দেখাও।**

**খ) হিসাব সমীকরণের উপাদনগুলোর লেনদেনের প্রভাব দেখাও।**

**গ) ২০১৪ সালের ২৮ ফেব্রুয়ারী সমাপ্ত মাসের জন্য আয় বিবরণী তৈরি কর।**

৫। জনাব শ্যামল চন্দ্র একজন কাপড় ব্যবসায়ী। ঢাকার ইসলামপুরে তার ব্যবসায় অবস্থিত। তিনি দুতরফা দাখিলা পদ্ধতির অনুসারে যথাযথভাবে প্রতিটি হিসাবের বই সংরক্ষণ করে থাকেন। ২০১৫ সালের ডিসেম্বর মাসে তার ব্যবসায়ের সংঘটিত লেনদেনগুলো নিম্নরূপঃ

| | | |
|---|---|---|
| ডিসেম্বর | ১ | নগদ ৭,০০,০০০ টাকা মূলধন স্বরূপ কারবারে আনা হলো। |
| " | ১২ | ৫% বাট্টায় মনিকা ট্রেডার্সের নিকট ৪৮,০০০ টাকার কাপড় বিক্রয়, চালান নংঃ ৯৫। |
| " | ২৩ | ২৫,০০০ টাকার কাপড় ধারে ক্রয় করা হলো। |
| " | ২৪ | কর্মচারী রতনকে বেতন প্রদান করা হল ৮,০০০ টাকা। |
| " | ২৭ | ভ্যাটসহ পণ্য বিক্রয় ২৩,০০০ টাকা। |
| " | ৩১ | মনিকা ট্রেডার্স এর নিকট থেকে ৫,০০০ টাকার কাপড় ফেরত পাওয়া গেল। ক্রেডিট নোট নংঃ ১০৯। |

**ক) প্রাপ্ত ভ্যাটের পরিমাণ নির্ণয় কর।**

**খ) জনাব শ্যামল চন্দ্র এর উপরোক্ত লেনদেনের ডেবিট ও ক্রেডিট নির্ণয় কর।**

**গ) জনাব শ্যামল চন্দ্র এর উপরোক্ত লেনদেনসমূহের ভিত্তিতে বিক্রয় জাবেদা ও বিক্রয় ফেরত জাবেদা প্রস্তুত কর।**